

বিপিএটিসি স্কুল এন্ড কলেজ

এসএসসি পরীক্ষা-২০২১ এর

২য় প্রস্তুতিমূলক মূল্যায়ন

বিষয় : হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

সময় : ৩ ঘন্টা

পূর্ণমান : ১০০

বিভাগ-ক

- নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :
- ১। চতুরাশ্রমের প্রথম আশ্রম কোনটি?
২। হিন্দুধর্ম মতে মানব জীবন কত স্তর বিশিষ্ট?
৩। যোগ সাধনায় বহিরঙ্গ সাধন কয়টি?
৪। শ্রীমদ্ভগবদ্ গীতার দ্বাদশ অধ্যায়ের নাম কী?
৫। শাস্ত্রীয় যুগবিভাগ অনুসারে বর্তমানে কোন যুগ চলছে?
৬। আমাদের প্রধান উপনিষদ কয়টি?
৭। ব্রাহ্ম সমাজ কে প্রতিষ্ঠা করেন?
৮। সংহিতা মানে কী?
৯। কোন মাসে জামাই ষষ্ঠী উদযাপন করা হয়?
১০। দোলযাত্রা বাংলার বাইরে কী নামে পরিচিত?
১১। রথে কয়জন দেবতা অধিষ্ঠিত থাকে?
১২। শিবপূজার অঙ্গ হিসেবে কোনটি উদযাপন করা হয়?
১৩। পণাতির্থ কার জন্মস্থান?
১৪। চড়ক পূজার অপর নাম কী?
১৫। 'নবান্ন' উৎসবে কোন দেবীর পূজা করা হয়?
১৬। দীপাবলি কী দূর করার প্রতীক?
১৭। ধর্মাচারের মধ্য দিয়ে কী প্রকাশ পায়?
১৮। কোন অনুষ্ঠানকে 'ভাইফোটা' বলা হয়?
১৯। মহাজাগতিক শক্তির আঁধার বলা হয় কোন দেবীকে?
২০। কোন দেবতার নাম নিলে সকল পাপ দূর হয়?
২১। দেবী দুর্গার বর্ণনা রয়েছে কোন গ্রন্থে?
২২। শীতলা দেবীর বাহনের নাম কী?
২৩। নন্দ্র ও বিনয়ী দেবতা কে?
২৪। ষষ্ঠী পূজা কেন করা হয়?
২৫। দেবী দুর্গার বাম চোখে কী থাকে?
২৬। 'ধর্ম রক্ষতি রক্ষিত'-উক্তিটি কোন গ্রন্থে উল্লেখ রয়েছে?
২৭। হিরণ্যকশিপু কোন সময়কার রাজা ছিলেন?
২৮। নন্দ্র, ভদ্র বা শিষ্ট আচরণকে কী বলে?
২৯। মাদকাসক্তি কাকে বলে?
৩০। নৃসিংহদেব কী দিয়ে হিরণ্যকশিপুকে হত্যা করেছিলেন?

১×৩০=৩০

বিভাগ-খ

- ১। অজিত বাবু এমন এক দেবীর ভক্ত যার বিভিন্ন নাম রয়েছে। কেউ তাকে শ্যামা বলে, কেউ আদ্যমায়া, আবার কেউবা চামুন্ডা। প্রকৃতিগত দিক থেকে তিনি অত্যন্ত অগ্রাসী। ভয়ঙ্কর রূপী, ত্রিণয়নী ও মুক্তকেশী দেবী। তাঁকে শত্রুধ্বংস ও ন্যায্যতা প্রতিষ্ঠার দেবী বলা হয়।
- (ক) বৈদিক দেবতা কাকে বলে? ১
- (খ) পুরোহিত ও ব্রাহ্মণ এক নয়-ব্যাখ্যা কর। ২
- (গ) উদ্দীপকে যে দেবীর ইঙ্গিত দেওয়া হয়েছে তার পূজার সময়কাল ব্যাখ্যা কর। ৩
- (ঘ) আর্থ-সামাজিক, পারিবারিক ও নৈতিক জীবনে উক্ত পূজার প্রভাব বিশ্লেষণ কর। ৪

- ২। অনুপমা দেবী সুসন্তান লাভের জন্য এক দেবতার পূজা করেন। যিনি দেখতে সুন্দর, সুঠাম ও বলিষ্ঠ চেহারার অধিকারী। তাঁর হাতে তীর-ধনুক থাকে এবং তাঁর বাহন হলো ময়ূর। কার্তিক মাসের মকর সংক্রান্তিতে এই দেবতার পূজা করা হয়।
- (ক) বিজয়া দশমী কী? ১
- (খ) দেবতাদের শ্রেণিবিন্যাস বলতে কী বোঝ? ২
- (গ) অনুপমা দেবীর আরাধ্য দেবতার সাথে তোমার পাঠ্যবইয়ের যে দেবতার মিল আছে তাঁর পরিচয় ব্যাখ্যা কর। ৩
- (ঘ) উক্ত দেবতার পূজার প্রভাব তোমার পাঠ্যবই অনুসারে বিশ্লেষণ কর। ৪
- ৩। সমরেশ বাবু একজন সৎ ব্যক্তি। জীবনে চলতে গিয়ে যখন বিভিন্ন বিপদে পড়তে হয় তখন ধৈর্য্যহারা হন না। সুখে-দুঃখে নিরুদ্বেগ থাকেন। তিনি নিজেকে তৃণের চেয়েও নিচু মনে করেন এবং ধর্ম-বর্ণ নির্বিশেষে সকলকে সমান বিবেচনা করেন।
- (ক) নৈতিক মূল্যবোধ কী? ১
- (খ) প্রণাম বা নমস্কারের প্রকারভেদ ব্যাখ্যা কর। ২
- (গ) সমরেশ বাবুর জীবনের আলোকে অধর্মিকের স্বরূপ ব্যাখ্যা কর। ৩
- (ঘ) তুমি কি মনে কর, ধর্মের জয় হয়, ধর্মিক ব্যক্তি শান্তি পান? উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪
- ৪। রাহুল খুব ভালো ছাত্র। সে কু-সঙ্গে মিশে মাদকাসক্ত হয়ে পড়ে। এক পর্যায়ে অর্থ যোগাড় করার জন্য চুরি ও মিথ্যার আশ্রয় নিতে হয়। তার বাবা-মা অত্যন্ত চিন্তিত হয়ে রাহুলকে মাদকদ্রব্য নিরাময় কেন্দ্রে ভর্তি করে দেন।
- (ক) মাদকদ্রব্য কী? ১
- (খ) আমরা কোন ধর্ম পালন করি? ২
- (গ) রাহুলের এ অবস্থার প্রতিকার ও প্রতিরোধের উপায় আলোচনা কর। ৩
- (ঘ) রাহুলের জীবন থেকে তুমি কী শিক্ষা পেলে? পাঠ্য পুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪
- ৫। অমিত ও অমৃতা দুই ভাই-বোন। প্রতি বছর তারা বিভিন্ন ধর্মীয় আচার-অনুষ্ঠান পালন করে। এর মধ্যে রাখী- বন্ধন-ভ্রাতৃত্বদ্বিতীয়া, পৌষ-সংক্রান্তি, দীপাবলি, রথযাত্রা প্রভৃতি অন্যতম। মা-বাবার কাছে তারা এসব ধর্মীয় আচার-অনুষ্ঠানের ব্যাপারে জানতে পারে। ধর্মাচার ও ধর্মানুষ্ঠানগুলো আমাদের সংস্কৃতির পরিচায়কও বটে।
- (ক) 'দীপাবলি' কখন অনুষ্ঠিত হয়? ১
- (খ) অসাম্প্রদায়িক চেতনার গুরুত্ব ব্যাখ্যা কর। ২
- (গ) কোন কোন ধর্মাচার ভাই-বোনের ভালোবাসার বন্ধন দৃঢ় করে-উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
- (ঘ) উদ্দীপকের শেষ লাইনটির গুরুত্ব আলোচনা কর। ৪
- ৬। হিন্দু সমাজে অনেক অনুষ্ঠানের মধ্যে দুটি অনুষ্ঠান খুব প্রচলিত। একটিতে সকলে আবির্ ও রং মাখিয়ে আনন্দ করে। আবার অপর একটি অনুষ্ঠানে চার চাকার একটি যানকে বহু মানুষ এক সাথে রশি দিয়ে টেনে নিয়ে যায়।
- (ক) ধর্মাচার ও ধর্মানুষ্ঠান কী? ১
- (খ) সাকরাইন বলতে কী বুঝ? ২
- (গ) উক্ত অনুষ্ঠান দুটি পালন সম্পর্কে বিস্তারিত লেখ। ৩
- (ঘ) সমাজ জীবনে উক্ত অনুষ্ঠান দুটির প্রভাব বিশ্লেষণ কর। ৪
- ৭। অনিমা ল্যাবরেটরি স্কুলের ছাত্রী। সে কয়দিন যাবৎ বেদ নামক ধর্মগ্রন্থ পড়ছে। হঠাৎ তার মাঝে পরিবর্তন দেখা যায়। পৃথিবীর এই জাঁক-জমকপূর্ণ জীবন কিছু নয়। মোক্ষলাভই জীবনের মূল্য উদ্দেশ্য। তখন সে মোক্ষলাভের ব্রত গ্রহণ করে।
- (ক) একেশ্বরবাদ কী? ১
- (খ) সন্ন্যাস বলতে কী বোঝায়? ২
- (গ) উদ্দীপকে উল্লিখিত গ্রন্থ অনিমা জীবনে কী প্রভাব ফেলেছে-তার ব্যাখ্যা কর। ৩
- (ঘ) "জীবনের মূল উদ্দেশ্য হলো মোক্ষলাভ" উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪